গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ....., ১৪৩০ বঙ্গাব্দ/ ....., ২০২৪ খ্রিস্টাব্দ

এস.আর.ও.নং- ..... আইন/২০২৪।–বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২(২০২২ সালের ১৬ নং আইন) এর ধারা ৩৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ণ করিল, যথা:--

১। **শিরোনাম ও প্রবর্তন।**–(১) এই বিধিমালা বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ (স্থাপন ও পরিচালনা) বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**–বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) 'আইন' অর্থ বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২ (২০২২ সালের ১৬ নং আইন);

(খ) 'সরকার' অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;

(গ) 'উপযুক্ত কর্তৃপক্ষ' অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;

(ঘ) 'অধিদপ্তর' অর্থ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর;

(ঙ) 'কাউন্সিল' অর্থ আইনের ধারা ২(ক) তে উল্লিখিত কাউন্সিল;

(চ) 'পরিচালনা পর্ষদ' অর্থ আইনের ধারা ২(গ) তে উল্লিখিত পরিচালনা পর্ষদ;

(ছ) 'পাবলিক বিশ্ববিদ্যালয়' অর্থ আইনের ধারা ২(ঘ) তে উল্লিখিত পাবলিক বিশ্ববিদ্যালয়;

(জ) 'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি)' অর্থ আইনের ধারা ২(ঙ) তে উল্লিখিত বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল;

(ঝ) 'সংরক্ষিত তহবিল' অর্থ আইনের ধারা ৬ এর দফা (ঙ) এর উল্লিখিত সংরক্ষিত তহবিল;

(ঞ) 'সাধারণ তহবিল' অর্থ আইনের ধারা ২১ এর উপ-ধারা (১) এ উল্লিখিত সাধারণ তহবিল;

(ট) 'তফসিলি ব্যাংক' অর্থ Banladesh Bank Order, 1972 (P.O.No 127 of 1972) এর Article 2(j) এ সংজ্ঞায়িত Scheduled Bank;

(ঠ) 'যোগ্য শিক্ষার্থী' বিএমএন্ডডিসি কর্তৃক প্রণীত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত শিক্ষার্থী ভর্তি নীতিমালা অনুযায়ী যোগ্যতা-সম্পন্ন প্রার্থী;

(ড) 'তফসিল' অর্থ এই বিধিমালার তফসিল

(ঢ) 'ফরম' অর্থ এই বিধিমালার তফসিলে উল্লিখিত ফরম;

(ন) 'পরিদর্শন ছক' এই বিধিমালার তফসিলে উল্লিখিত পরিদর্শন ছক;

-- 'রোগীর বেড' বলিতে হাসপাতালে রোগীর জন্য ব্যবহৃত সকল বেডকে বুঝাবে

-- 'দায়মুক্ত' বলিতে শুধুমাত্র কলেজ ও হাসপতালের প্রয়োজনে ঋণ গ্রহণ ও ব্যবহার করাকে বুঝাবে

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

-- 'পরিশিষ্ট' এই বিধিমালার তফসিলে উল্লিখিত পরিশিষ্ট;

--'সংযোজনী' এই বিধিমালার তফসিলে উল্লিখিত সংযোজনী

(প) 'চেয়ারম্যান' অর্থ বিধি ৭ এর অধীন গঠিত পরিচালনা পর্ষদের চেয়ারম্যান;

(ফ) 'উদ্যোক্তা' অর্থ বিনিয়োগকারী ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা;

(ব) 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজের প্রকৃতি' অর্থ অলাভজনক ও অরাজনৈতিক প্রতিষ্ঠান;

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দের বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপন ইত্যাদি।**—বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের লক্ষ্যে স্থান নির্বাচন, নামকরণ, প্রকৃতি, আইনগত মর্যাদা ইত্যাদি বিষয়ে 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ৩ এর বিধানাবলি অনুসরণীয় হইবে।

৪। **বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ সকলের জন্য উন্মুক্ত।**—প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের শিক্ষার্থীদের প্রকৃতি, শিক্ষা কোর্স, কোর্সে ভর্তি, শিক্ষাদান ও সনদ প্রাপ্তি ইত্যাদি বিষয়ে 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ৪ এর বিধান অনুসরণীয় হইবে।

৫। **বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের শর্তাবলি।**—(১) বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের আবেদনের ক্ষেত্রে 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ৩ এর উপধারা (২) ও (৩) এর বিধানাবলি এবং ধারা ৬ এ বর্ণিত শর্তাবলি প্রতিপালন করিতে হইবে । তবে, ৬(খ) ও ৬(ঙ) ধারায় নিম্নরূপ বিষয় যোগ করা যাইতে পারে:

(ক) মেট্রোপলিটন এলাকায় ইতোমধ্যে একাডেমিক স্বীকৃতি প্রাপ্ত বেসরকারি ডেন্টাল কলেজ এর নামে অন্যূন ০.৫ একর জমি থাকিতে হইবে;

(খ) আইন পাশের পূর্বে স্থাপিত মেডিকেল ও ডেন্টাল কলেজের আসন বৃদ্ধির ক্ষেত্রে সংরক্ষিত তহবিলে অতিরিক্ত টাকা জমা দেওয়ার বিষয়টি প্রযোজ্য হইবে না।

(২) প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ উহার পার্শ্ববর্তী মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ হইতে মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে ৩(তিন) কিলোমিটার এবং মেট্রোপলিটন এলাকার বাহিরে ৫(পাঁচ) কিলোমিটার দূরত্বে স্থাপন করিতে হইবে।

৬। **বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ স্থাপনের আবেদনের পদ্ধতি।**—(১) বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের লক্ষ্যে বিধি ৫ এ উল্লিখিত শর্তাবলি পূরণ সাপেক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব বরাবর **মেডিকেল কলেজের জন্য তফসিল-১ এ উল্লিখিত** আবেদন ফরম-১ **ও তফসিল-৪ এ উল্লিখিত** সংযোজনী-১, ২, ৩, ৪ এবং **ডেন্টাল কলেজের জন্য উল্লিখিত আবেদন ফরম-৫ ও তফসিল-৪ এ উল্লিখিত** সংযোজনী-১০, ১১, ১২, ১৩ এবং মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের জন্য **আবেদন ফরম-৯ ও তফসিল-৪ এ উল্লিখিত** সংযোজনী-১৯, ২০, ২১, ২২ পূরণ করে আবেদন পত্র দাখিল করিতে হইবে;

(২) উপবিধি (১) এর অধীন আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে;

(ক) আবেদন ফরমের সাথে সংযুক্ত চেকলিস্ট অনুযায়ী সকল কাগজপত্র/প্রমাণকসমূহ; এবং

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

(খ) প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের প্রাথমিক নীতিগত অনুমোদনের জন্য পরিদর্শন লক্ষ্যে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর পরিদর্শন ফি বাবদ (পরিদর্শন টিমের সম্মানী ও যাতায়াত খরচ) ১(এক) লক্ষ টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার এর কপি;

(৩) প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের প্রাথমিক নীতিগত অনুমোদনের স্বয়ংসম্পূর্ণ আবেদন প্রাপ্তির পর উহা যাচাই-বাছাই ও পরিদর্শনের জন্য বিধি ৭ এ বর্ণিত পরিদর্শন কমিটির নিকট প্রেরণ করিবে।

৭। **পরিদর্শন কমিটি।**—(১) আবেদন ফরম যাচাই-বাছাই এবং প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ পরিদর্শনের জন্য 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ৭ এর উপ-ধারা (১) অনুযায়ী সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা পরিদর্শন কমিটি গঠন করিবে এবং উপ-ধারা (২) অনুযায়ী উক্ত কমিটির সদস্য সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং পুনর্গঠন করিতে পারিবে।

(২) **পরিদর্শন কমিটির মেয়াদ:** পরিদর্শন কমিটি গঠনের প্রজ্ঞাপন জারির পর পুনরাদেশ না দেওয়া পর্যন্ত উক্ত পরিদর্শন কমিটির মেয়াদ বহাল থাকিবে।

(৩) **পরিদর্শন কমিটির দায়িত্ব, ক্ষমতা ও কার্যপরিধি।**—পরিদর্শন কমিটির দায়িত্ব, ক্ষমতা ও কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা-

(ক) প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের জন্য প্রাপ্ত আবেদন পরিদর্শন কমিটির নিকট প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে আবেদন ও সংযুক্ত কাগজপত্রাদি যাচাই-বাছাই সম্পন্ন করিবে;

(খ) যাচাই-বাছাই এর পর কলেজ পরিদর্শনের তারিখ ও সময় উল্লেখ করে পরবর্তী ৭(সাত) কার্যদিবসের মধ্যে নোটিশ প্রদান সম্পন্ন করিবে;

(গ) এই বিধিমালার **তফসিল-২ এ উল্লিখিত পরিদর্শন ছক-১** অনুযায়ী মেডিকেল কলেজ, **পরিদর্শন ছক-৫ অনুযায়ী ডেন্টাল কলেজ এবং পরিদর্শন ছক-৯** অনুযায়ী মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট আবেদন প্রাপ্তির তারিখ থেকে পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে সরেজমিনে সরেজমিনে পরিদর্শন করিবে।

(ঘ) সরেজমিনে পরিদর্শনকালীন বা পরিদর্শনের যে কোন পর্যায়ে 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' বা এই বিধিমালায় বর্ণিত শর্ত পূরণের ক্ষেত্রে যে কোন তথ্য সংগ্রহ বা তথ্যের সঠিকতা যাচাই করিতে পারিবে;

তবে শর্ত থাকে যে, উপবিধি (ঘ) এর উদ্দেশ্য পূরণকল্পে, পরিদর্শন প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণের ক্ষেত্রে উপবিধি (গ) এ নির্ধারিত সময়সীমা শেষ হইবার পূর্বে পরিদর্শন কমিটি সময় বৃদ্ধির আবেদন করিলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব অথবা উপযুক্ত কর্তৃপক্ষ অতিরিক্ত ১৫(পনের) দিন পর্যন্ত সময় বর্ধিত করিতে পারিবে;

(ঙ) পরিদর্শন কমিটি প্রয়োজনে একাধিকবার প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ বা মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট সরেজমিনে পরিদর্শন করিতে পারিবে;

(চ) পরিদর্শন কাজ সম্পন্নের পর ৭ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে হইবে।

৮। **বিশেষ কমিটি।**—বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২ এর ধারা ৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজের যে কোন নীতিগত বা অন্য কোন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে প্রশাসনিক আদেশ বা প্রজ্ঞাপন দ্বারা উচ্চ পর্যায়ের একটি নির্বাহী কমিটি গঠন এবং প্রয়োজনে পুনর্গঠন করিতে পারিবে।

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

৯। প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ স্থাপনের নিমিত্তে প্রাথমিক নীতিগত অনুমোদন।--(১) বিধি ৭এর ৩(চ)এর আলোকে পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কার্যপত্র প্রণয়ন করিবে, তবে কার্যপত্র প্রণয়ন এর ক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদনকারীর নিকট হইতে প্রয়োজনীয় আরও তথ্য চাহিতে পারিবে;

(২) **নির্বাহী কমিটির সভা।**--পরিদর্শন প্রতিবেদন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রাপ্তির তারিখ থেকে অন্যূন ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে বিধি ৮ এর অধীন গঠিত নির্বাহী কমিটির সভা আয়োজন করিবে, তবে নির্বাহী কমিটির সভা আয়োজনের ৭ কার্যদিবস পূর্বে কার্যপত্রসহ সভার নোটিশ জারী করিতে হইবে;

(৩) সংশ্লিষ্ট আবেদন এবং পরিদর্শন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষাপূর্বক নির্বাহী কমিটি-

(ক) এই মর্মে নিশ্চিত হয় যে, 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ৩ এ বর্ণিত কারণসমূহ যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে এবং ধারা ৬ এর বর্ণিত শর্তাবলী পূরণ করিয়াছেন, তাহা হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ আবেদনকারীর অনুকূলে বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের প্রাথমিক নীতিগত অনুমোদন প্রদান করিবে; অথবা

(খ) কমিটি যদি এই মর্মে নিশ্চিত হয় যে, 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ৬ এর বর্ণিত কোন শর্ত পূরণে ব্যর্থ হইয়াছেন বা ধারা ৩ এ বর্ণিত প্রযোজ্য কোন কারণে অনুপযুক্ত বলিয়া বিবেচিত হইয়াছে, তাহা হইলে আবেদন নামঞ্জুর করিতে পারিবে।

(৪) **নির্বাহী কমিটির সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কার্যধারা:-**

(ক) নির্বাহী কমিটির সভায় প্রাথমিক নীতিগত অনুমোদন প্রদানের সিদ্ধান্ত হইলে নির্বাহী কমিটি সভার কার্যবিবরণী জারীর তারিখ থেকে ৭(সাত) কার্যদিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ **তফসিল-৩ এ উল্লিখিত অনুমোদন ফরম-১** অনুযায়ী মেডিকেল কলেজ/মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট /ডেন্টাল কলেজের ক্ষেত্রে আবেদনকারীর অনুকূলে অনুমোদন পত্র প্রদান করিবে;

(খ) নির্বাহী কমিটির সভায় আবেদন নামঞ্জুর-এর সিদ্ধান্ত হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ নির্বাহী সভার কার্যবিবরণী জারীর পর অনতিবিলম্বে নামঞ্জুর-এর সিদ্ধান্ত আবেদনরীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে;

(গ) উক্ত সিদ্ধান্তের বিষয়ে আবেদনকারী ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিলে তাহা পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে আবেদন করিতে পারিবে;

(ঘ) আবেদনকারী দফা (গ) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তাহা হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব অথবা উপযুক্ত কর্তৃপক্ষ ব্যক্তিগত শুনানী গ্রহণ, লিপিবদ্ধ এবং বিশ্লেষণ করিবেন;

(ঙ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব বা উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দফা (ঘ) এ বর্ণিত আবেদনকারীরর পেশকৃত বক্তব্য ও মতামত নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করিবেন। নির্বাহী কমিটির সিদ্ধান্ত আবেদনকারিকে লিখিতভাবে জানাইতে হইবে।

১০। একাডেমিক অনুমোদন ।--(১) আবেদন দাখিল ।- বিধি ৯ এর অধীন প্রাথমিক নীতিগত অনুমোদন প্রাপ্ত প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজকে নীতিগত অনুমোদনপত্রে বর্ণিত শর্তাদি, যদি থাকে, প্রতিপালন সাপেক্ষে শিক্ষার্থী ভর্তির পূর্বে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব বরাবর **মেডিকেল কলেজের একাডেমিক অনুমোদনের জন্য তফসিল-১ এ উল্লিখিত** আবেদন ফরম-২ ও **তফসিল-৪ এ উল্লিখিত** সংযোজনী-৫, ৬ **ডেন্টাল কলেজের জন্য তফসিল-১ এ উল্লিখিত** আবেদন ফরম-৬ ও **তফসিল-৪ এ উল্লিখিত** সংযোজনী-১৪, ১৫ **এবং মেডিকেল** কলেজের ডেন্টাল

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

ইউনিটের জন্য **তফসিল-১ এ উল্লিখিত** আবেদন ফরম-১০ ও **তফসিল-৪ এ উল্লিখিত** সংযোজনী-২৩, ২৪ পূরণ করে আবেদন দাখিল করিতে হইবে।

(২) উপবিধি (১) এর অধীন আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে;

(ক) আবেদন ফরমের সাথে সংযুক্ত চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র/প্রমাণকসমূহ;

(খ) প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ এর একাডেমিক অনুমোদনের জন্য পরিদর্শন লক্ষ্যে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর পরিদর্শন ফি বাবদ (পরিদর্শন টিমের সম্মানী ও যাতায়াত খরচ) ১(এক) লক্ষ টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার এর কপি;

(৩) প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ এর একাডেমিক অনুমোদনের স্বয়ংসম্পূর্ণ আবেদন প্রাপ্তির পর উহা যাচাই-বাছাই ও পরিদর্শনের জন্য বিধি ৭(১) এ বর্ণিত পরিদর্শন কমিটির নিকট প্রেরণ করিবে।

(৪) একাডেমিক অনুমোদনের আবেদনের পরিপ্রেক্ষিতে পরিদর্শন।–

পরিদর্শন কমিটির দায়িত্ব, ক্ষমতা ও কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা-

(ক) প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের জন্য প্রাপ্ত আবেদন পরিদর্শন কমিটির নিকট প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে আবেদন ও সংযুক্ত কাগজপত্রাদি যাচাই-বাছাই সম্পন্ন করিবে;

(খ) যাচাই-বাছাই এর পর কলেজ পরিদর্শনের তারিখ ও সময় উল্লেখ করে পরবর্তী ৭(সাত) কার্যদিবসের মধ্যে নোটিশ প্রদান সম্পন্ন করিবে;

(গ) এই বিধিমালার **তফসিল-২ এ উল্লিখিত পরিদর্শন ছক-২** অনুযায়ী মেডিকেল কলেজ, **পরিদর্শন ছক-৬ অনুযায়ী ডেন্টাল কলেজ** এবং **পরিদর্শন ছক-১০** অনুযায়ী মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের আবেদন প্রাপ্তির তারিখ থেকে পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে সরেজমিনে পরিদর্শন করিবে।

(ঘ) সরেজমিনে পরিদর্শনকালীন বা পরিদর্শনের যে কোন পর্যায়ে 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' বা এই বিধিমালায় বর্ণিত শর্ত পূরণের ক্ষেত্রে যে কোন তথ্য সংগ্রহ বা তথ্যের সঠিকতা যাচাই করিতে পারিবে;

তবে শর্ত থাকে যে, উপবিধি (ঘ) এর উদ্দেশ্য পূরণকল্পে, পরিদর্শন প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণের ক্ষেত্রে উপবিধি (গ) এ নির্ধারিত সময়সীমা শেষ হইবার পূর্বে পরিদর্শন কমিটি সময় বৃদ্ধির আবেদন করিলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব অথবা উপযুক্ত কর্তৃপক্ষ অতিরিক্ত ১৫(পনের) দিন পর্যন্ত সময় বর্ধিত করিতে পারিবে;

(ঙ) পরিদর্শন কমিটি প্রয়োজনে একাধিকবার প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ সরেজমিনে পরিদর্শন করিতে পারিবে;

(চ) পরিদর্শন কাজ সম্পন্নের পর ৭ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে হইবে।

(৫) নির্বাহী কমিটির সভা।– পরিদর্শন প্রতিবেদন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রাপ্তির তারিখ থেকে অন্যূন ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে বিধি ৮ এর অধীন গঠিত নির্বাহী কমিটির সভা আয়োজন করিবে, তবে নির্বাহী কমিটির সভা আয়োজনের ৭ কার্যদিবস পূর্বে কার্যপত্রসহ সভার নোটিশ জারী করিতে হইবে;

(৩) সংশ্লিষ্ট আবেদন এবং পরিদর্শন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষাপূর্বক নির্বাহী কমিটি-

(ক) যদি এই মর্মে নিশ্চিত হয় যে, 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ৩ এ বর্ণিত কারণসমূহ যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে এবং ধারা ৬ এর বর্ণিত শর্তাবলী পূরণ করিয়াছেন, তাহা হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ আবেদনকারীর অনুকূলে বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের প্রাথমিক নীতিগত অনুমোদন প্রদান করিবে; অথবা

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

(খ) কমিটি যদি এই মর্মে নিশ্চিত হয় যে, 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ৬ এর বর্ণিত কোন শর্ত পূরণে ব্যর্থ হইয়াছেন বা ধারা ৩ এ বর্ণিত প্রযোজ্য কোন কারণে অনুপযুক্ত বলিয়া বিবেচিত হইয়াছে, তাহা হইলে আবেদন নামঞ্জুর করিতে পারিবে।

(৬) নির্বাহী কমিটির সভায় সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কার্যধারা:-

ক) নির্বাহী কমিটির সভায় একাডেমিক অনুমোদন প্রদানের সিদ্ধান্ত হইলে নির্বাহী কমিটি সভার কার্যবিবরণী জারীর তারিখ থেকে ৭(সাত) কার্যদিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ **তফসিল-৩ এ উল্লিখিত অনুমোদন ফরম-২ অনুযায়ী মেডিকেল কলেজের জন্য মেডিকেল কলেজজ, ডেন্টাল কলেজ এবং মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট এর** ক্ষেত্রে আবেদনকারীর অনুকূলে অনুমোদনপত্র প্রদান করিবে;

(খ) নির্বাহী কমিটির সভায় আবেদন নামঞ্জুর-এর সিদ্ধান্ত হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ নির্বাহী সভার কার্যবিবরণী জারীর পর অনতিবিলম্বে নামঞ্জুর-এর সিদ্ধান্ত আবেদনরীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে;

(গ) উক্ত সিদ্ধান্তের বিষয়ে আবেদনকারী ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিলে তাহা পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে আবেদন করিতে পারিবে;

(ঘ) আবেদনকারী দফা (গ) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তাহা হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব অথবা উপযুক্ত কর্তৃপক্ষ ব্যক্তিগত শুনানী গ্রহণ, লিপিবদ্ধ এবং বিশ্লেষণ করিবেন;

(ঙ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব বা উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দফা (ঘ) এ বর্ণিত আবেদনকারীরর পেশকৃত বক্তব্য ও মতামত নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করিবেন। নির্বাহী কমিটির সিদ্ধান্ত আবেদনকারিকে লিখিতভাবে জানাইতে হইবে।

(৭) **একাডেমিক অনুমোদনের মেয়াদ।-** উপবিধি (৬)(ক) এর অধীন প্রদত্ত একাডেমিক অনুমেদনের মেয়াদ হইবে ২ (দুই) বছর।

১১। একাডেমিক অনুমোদন নবায়ন।-(১) আবেদন দাখিল।- বিধি ১০ এর অধীন একাডেমিক অনুমোদন প্রাপ্ত প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজকে, একাডেমিক অনুমোদনের মেয়াদ উত্তীর্ণ হইবার অন্যূন ৩০(ত্রিশ) দিন পূর্বে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব বরাবর **মেডিকেল কলেজ এর ক্ষেত্রে তফসিল-১ এ উল্লিখিত** আবেদন ফরম-৩ ও **তফসিল-৪ এ উল্লিখিত** সংযোজনী-৭ **অনুযায়ী, ডেন্টাল কলেজ এর ক্ষেত্রে তফসিল-১ এ উল্লিখিত** আবেদন ফরম-৭ ও **তফসিল-৪ এ উল্লিখিত** সংযোজনী-১৬ **অনুযায়ী মেডিকেল** কলেজের ডেন্টাল ইউনিটের জন্য এবং **তফসিল-১ এ উল্লিখিত** আবেদন ফরম-১১ ও **তফসিল-৪ এ উল্লিখিত** সংযোজনী-২৫ অনুযায়ী একাডেমিক অনুমোদন নবায়নের জন্য আবেদন দাখিল করিতে হইবে।

(২) উপবিধি (১) এর অধীন আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে;

(ক) ফরমের সাথে সংযুক্ত চেকলিস্ট অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র/প্রমাণকসমূহ; এবং

(খ) একাডেমিক অনুমোদন নবায়নের জন্য পরিদর্শন ফি বাবদ (পরিদর্শন টিমের সম্মানী ও যাতায়াত খরচ বাবদ) পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর প্রদানকৃত অফেরৎযোগ্য ০১(এক) লক্ষ টাকার ব্যাংক পে-অর্ডারের কপি।

(৩) প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের একাডেমিক অনুমোদন নবায়নের জন্য স্বয়ংসম্পূর্ণ আবেদন প্রাপ্তির পর উহার যৌক্তিকতা যাচাইয়ের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বিধি ৭ (১) এ বর্ণিত পরিদর্শন কমিটির নিকট প্রেরণ করিবে।

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

(৪) একাডেমিক অনুমোদন নবায়নের আবেদনের পরিপ্রেক্ষিতে পরিদর্শন।–

পরিদর্শন কমিটির দায়িত্ব, ক্ষমতা ও কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা-

(ক) প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের জন্য প্রাপ্ত আবেদন পরিদর্শন কমিটির নিকট প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে আবেদন ও সংযুক্ত কাগজপত্রাদি যাচাই-বাছাই সম্পন্ন করিবে;

(খ) যাচাই-বাছাই এর পর কলেজ পরিদর্শনের তারিখ ও সময় উল্লেখ করে পরবর্তী ৭(সাত) কার্যদিবসের মধ্যে নোটিশ প্রদান সম্পন্ন করিবে;

(গ) এই বিধিমালার **তফসিল-২ এ উল্লিখিত পরিদর্শন ছক-৩** অনুযায়ী মেডিকেল কলেজ, **পরিদর্শন ছক-৭ অনুযায়ী ডেন্টাল কলেজ** এবং **পরিদর্শন ছক-১১ অনুযায়ী** মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট এর আবেদন প্রাপ্তির তারিখ থেকে পরবর্তী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে সরেজমিনে পরিদর্শন করিবে।

(ঘ) সরেজমিনে পরিদর্শনকালীন বা পরিদর্শনের যে কোন পর্যায়ে 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' বা এই বিধিমালায় বর্ণিত শর্ত পূরণের ক্ষেত্রে যে কোন তথ্য সংগ্রহ বা তথ্যের সঠিকতা যাচাই করিতে পারিবে;

তবে শর্ত থাকে যে, উপবিধি (ঘ) এর উদ্দেশ্য পূরণকল্পে, পরিদর্শন প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণের ক্ষেত্রে উপবিধি (গ) এ নির্ধারিত সময়সীমা শেষ হইবার পূর্বে পরিদর্শন কমিটি সময় বৃদ্ধির আবেদন করিলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব অথবা উপযুক্ত কর্তৃপক্ষ অতিরিক্ত ১৫(পনের) দিন পর্যন্ত সময় বর্ধিত করিতে পারিবে;

(ঙ) পরিদর্শন কমিটি প্রয়োজনে একাধিকবার প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ সরেজমিনে পরিদর্শন করিতে পারিবে;

(চ) পরিদর্শন কাজ সম্পন্নের পর ৭ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে হইবে।

(৫) নির্বাহী কমিটির সভা।–

পরিদর্শন প্রতিবেদন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রাপ্তির তারিখ থেকে অন্যূন ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে বিধি ৮ এর অধীন গঠিত নির্বাহী কমিটির সভা আয়োজন করিবে, তবে নির্বাহী কমিটির সভা আয়োজনের ৭ কার্যদিবস পূর্বে কার্যপত্রসহ সভার নোটিশ জারী করিতে হইবে;

সংশ্লিষ্ট আবেদন এবং পরিদর্শন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষাপূর্বক নির্বাহী কমিটি-

(ক) যদি এই মর্মে নিশ্চিত হয় যে, 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ৩ এ বর্ণিত কারণসমূহ যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে এবং ধারা ৬ এর বর্ণিত শর্তাবলী পূরণ করিয়াছেন, তাহা হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ আবেদনকারীর অনুকূলে বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের প্রাথমিক নীতিগত অনুমোদন প্রদান করিবে; অথবা

(খ) কমিটি যদি এই মর্মে নিশ্চিত হয় যে, 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ৬ এর বর্ণিত কোন শর্ত পূরণে ব্যর্থ হইয়াছেন বা ধারা ৩ এ বর্ণিত প্রযোজ্য কোন কারণে অনুপযুক্ত বলিয়া বিবেচিত হইয়াছে, তাহা হইলে আবেদন নামঞ্জুর করিতে পারিবে।

(৬) নির্বাহী কমিটির সভায় সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কার্যধারা: -

(ক) নির্বাহী কমিটির সভায় একাডেমিক অনুমোদন নবায়ন প্রদানের সিদ্ধান্ত হইলে নির্বাহী কমিটি সভার কার্যবিবরণী জারীর তারিখ থেকে ৭(সাত) কার্যদিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ **তফসিল-৩ এ উল্লিখিত অনুমোদন ফরম-৩ অনুযায়ী মেডিকেল কলেজ/মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট/ ডেন্টাল কলেজের** ক্ষেত্রে আবেদনকারীর অনুকূলে অনুমোদনপত্র প্রদান করিবে;

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

(খ) নির্বাহী কমিটির সভায় আবেদন নামঞ্জুর-এর সিদ্ধান্ত হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ নির্বাহী সভার কার্যবিবরণী জারীর পর অনতিবিলম্বে নামঞ্জুর-এর সিদ্ধান্ত আবেদনরীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে;

(গ) উক্ত সিদ্ধান্তের বিষয়ে আবেদনকারী ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিলে তাহা পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে আবেদন করিতে পারিবে;

(ঘ) আবেদনকারী দফা (গ) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তাহা হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব অথবা উপযুক্ত কর্তৃপক্ষ ব্যক্তিগত শুনানী গ্রহণ, লিপিবদ্ধ এবং বিশ্লেষণ করিবেন;

(ঙ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব বা উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দফা (ঘ) এ বর্ণিত আবেদনকারীরর পেশকৃত বক্তব্য ও মতামত নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করিবেন। নির্বাহী কমিটির সিদ্ধান্ত আবেদনকারিকে লিখিতভাবে জানাইতে হইবে।

(৭) উপবিধি (১) এর অধীন প্রাপ্ত একাডেমিক অনুমোদন নবায়নের আবেদন নিষ্পত্তি না হওয়া পর্যন্ত নিবন্ধন সনদ কার্যকর থাকিবে।

১২। কাউন্সিলে নিবন্ধন।—(১) বিধি ১০ এর অধীন একাডমেকি অনুমোদনপ্রাপ্ত বা বিধি ১১ এর অধীন একাডেমিক অনুমোদন নবায়নকৃত প্রত্যকে বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজকে বাংলাদশে মেডিকেল এন্ড ডেন্টাল (বিএমডিসি)-এর নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(২) প্রত্যকে বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ বাংলাদশে মেডিকেল এন্ড ডেন্টাল (বিএমডিসি) কর্তৃক অনুমোদিত এমবিবিএস/বিডিএস কোর্সের সিলেবাস ও কারিকুলাম অনুসরণ করিবে।

১৩। পাবলিক বিশ্ববিদ্যালয় বা পাবলিক মেডিকেল বিশ্ববিদ্যালয়ে অধিভুক্তি--(১) বিধি ১০ এর অধীন একাডমেকি অনুমোদনপ্রাপ্ত প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজকে অনুমোদন প্রাপ্তির অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট পাবলিক বিশ্ববিদ্যালয় বা পাবলিক মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হইতে হইবে; নবায়ন?

(২) পাবলিক বিশ্ববিদ্যালয় বা পাবলিক মেডিকেল বিশ্ববিদ্যালয়ের হালনাগাদ অধিভুক্ত না থাকিলে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাইবে না।

১৪। আসন সংখ্যা বৃদ্ধি ও ডেন্টাল ইউনিট স্থাপন।--(১) আবেদন দাখিল।- বিধি ১০ এর অধীন একাডেমিক অনুমোদন প্রাপ্ত প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ প্রথম বার শিক্ষার্থী ভর্তির অন্যূন ৫ বছর অতিবাহিত হইবার পর বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ১৪ এর উপধারা (১) ও (২) এ বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ পরবর্তীকালে আসন সংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব বরাবর **মেডিকেল কলেজের জন্য তফসিল-১ এ উল্লিখিত** আবেদন ফরম-৪ ও **তফসিল-৪ এ উল্লিখিত** সংযোজনী-৮, ৯ **ডেন্টাল কলেজ এর ক্ষেত্রে তফসিল-১ এ উল্লিখিত** আবেদন ফরম-৮ ও **তফসিল-৪ এ উল্লিখিত** সংযোজনী-১৭, ১৮ এবং **অনুযায়ী মেডিকেল** কলেজের ডেন্টাল ইউনিটের জন্য **তফসিল-১ এ উল্লিখিত** আবেদন ফরম-১২ ও **তফসিল-৪ এ উল্লিখিত** সংযোজনী-২৬, ২৭ **পূরণ** করে আবেদন দাখিল করিতে পারিবে।

(২) উপবিধি (১) এর অধীন আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে;

(ক) ফরমের সাথে সংযুক্ত চেকলিস্ট অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র/প্রমাণকসমূহ; এবং

(খ) আসন সংখ্যা বৃদ্ধির জন্য পরিদর্শন ফি বাবদ (পরিদর্শন টিমের সম্মানী ও যাতায়াত খরচ বাবদ) পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর প্রদানকৃত অফেরৎযোগ্য ০১(এক) লক্ষ টাকার ব্যাংক পে-অর্ডারের কপি।

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

(৩) প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের আসন সংখ্যা বৃদ্ধির জন্য স্বয়ংসম্পূর্ণ আবেদন প্রাপ্তির পর উহার যৌক্তিকতা যাচাইয়ের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বিধি ৭ (১) এ বর্ণিত পরিদর্শন কমিটির নিকট প্রেরণ করিবে।

(৪) **আসন সংখ্যা বৃদ্ধির আবেদনের পরিপ্রেক্ষিতে পরিদর্শন।**—

পরিদর্শন কমিটির দায়িত্ব, ক্ষমতা ও কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা-

(ক) প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ স্থাপনের জন্য প্রাপ্ত আবেদন পরিদর্শন কমিটির নিকট প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে আবেদন ও সংযুক্ত কাগজপত্রাদি যাচাই-বাছাই সম্পন্ন করিবে;

(খ) যাচাই-বাছাই এর পর কলেজ পরিদর্শনের তারিখ ও সময় উল্লেখ করে পরবর্তী ৭(সাত) কার্যদিবসের মধ্যে নোটিশ প্রদান সম্পন্ন করিবে;

(গ) এই বিধিমালার **তফসিল-২ এ উল্লিখিত পরিদর্শন ছক-৪** অনুযায়ী মেডিকেল কলেজ, **পরিদর্শন ছক-৮ অনুযায়ী ডেন্টাল কলেজ এবং পরিদর্শন ছক-১২ অনুযায়ী মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের** আবেদন প্রাপ্তির তারিখ থেকে পরবর্তী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে সরেজমিনে পরিদর্শন করিবে।

(ঘ) সরেজমিনে পরিদর্শনকালীন বা পরিদর্শনের যে কোন পর্যায়ে 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' বা এই বিধিমালায় বর্ণিত শর্ত পূরণের ক্ষেত্রে যে কোন তথ্য সংগ্রহ বা তথ্যের সঠিকতা যাচাই করিতে পারিবে;

তবে শর্ত থাকে যে, উপবিধি (ঘ) এর উদ্দেশ্য পূরণকল্পে, পরিদর্শন প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণের ক্ষেত্রে উপবিধি (গ) এ নির্ধারিত সময়সীমা শেষ হইবার পূর্বে পরিদর্শন কমিটি সময় বৃদ্ধির আবেদন করিলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব অথবা উপযুক্ত কর্তৃপক্ষ অতিরিক্ত ১৫(পনের) দিন পর্যন্ত সময় বর্ধিত করিতে পারিবে;

(ঙ) পরিদর্শন কমিটি প্রয়োজনে একাধিকবার প্রস্তাবিত বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ সরেজমিনে পরিদর্শন করিতে পারিবে;

(চ) পরিদর্শন কাজ সম্পন্নের পর ৭ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে হইবে।

(৫) **নির্বাহী কমিটির সভা।**—

পরিদর্শন প্রতিবেদন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রাপ্তির তারিখ থেকে অন্যূন ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে বিধি ৮ এর অধীন গঠিত নির্বাহী কমিটির সভা আয়োজন করিবে, তবে নির্বাহী কমিটির সভা আয়োজনের ৭ কার্যদিবস পূর্বে কার্যপত্রসহ সভার নোটিশ জারী করিতে হইবে;

সংশ্লিষ্ট আবেদন এবং পরিদর্শন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষাপূর্বক নির্বাহী কমিটি-

(ক) যদি এই মর্মে নিশ্চিত হয় যে, একাডেমিক অনুমোদন ও নবায়নের সময় প্রদত্ত শর্ত, যদি থাকে, পূরণ করিয়াছেন, আইনের ধারা ১৪ এর উপধারা (১) ও (২) এ বর্ণিত শর্তাবলী পূরণ করিয়াছেন এবং **সংযোজনী-১৩ ও ১৪** অনুযায়ী অবকাঠামো, যথা- কলেজ, টিচিং হাসপাতাল ও হোস্টেলের ফ্লোর স্পেস বৃদ্ধি করিয়াছেন, শিক্ষক সংখ্যা, বেড ও হোস্টেলের সীট বৃদ্ধি করিয়াছেন, তাহা হইলে নির্বাহী কমিটি বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ এর আসন সংখ্যা বৃদ্ধির অনুমোদন প্রদান করিবে; অথবা

(খ) কমিটি যদি এই মর্মে নিশ্চিত হয় যে, বিধি ১০ এর উপবিধি ৬ এর দফা ক এ বর্ণিত কোন শর্ত পূরণে ব্যর্থ হইয়াছে, তাহা হইলে আবেদন নামঞ্জুর করিতে পারিবে।

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

(৬) **নির্বাহী কমিটির সভায় সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কার্যধারা।**—

(ক) নির্বাহী কমিটির সভায় একাডেমিক অনুমোদন নবায়ন প্রদানের সিদ্ধান্ত হইলে নির্বাহী কমিটি সভার কার্যবিবরণী জারীর তারিখ থেকে ৭(সাত) কার্যদিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ **তফসিল-৩ এ উল্লিখিত অনুমোদন ফরম-৪ অনুযায়ী মেডিকেল কলেজ/মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট /ডেন্টাল কলেজের** ক্ষেত্রে আবেদনকারীর অনুকূলে অনুমোদনপত্র প্রদান করিবে;

(খ) নির্বাহী কমিটির সভায় আবেদন নামঞ্জুর-এর সিদ্ধান্ত হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ নির্বাহী সভার কার্যবিবরণী জারীর পর অনতিবিলম্বে নামঞ্জুর-এর সিদ্ধান্ত আবেদনরীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে;

(গ) উক্ত সিদ্ধান্তের বিষয়ে আবেদনকারী ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিলে তাহা পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে আবেদন করিতে পারিবে;

(ঘ) আবেদনকারী দফা (গ) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তাহা হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব অথবা উপযুক্ত কর্তৃপক্ষ ব্যক্তিগত শুনানী গ্রহণ, লিপিবদ্ধ এবং বিশ্লেষণ করিবেন;

(ঙ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব বা উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দফা (ঘ) এ বর্ণিত আবেদনকারীরর পেশকৃত বক্তব্য ও মতামত নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করিবেন। নির্বাহী কমিটির সিদ্ধান্ত আবেদনকারিকে লিখিতভাবে জানাইতে হইবে।

(৭) **ডেন্টাল ইউনিট স্থাপন।--(ক) স্থাপনের শর্তাবলী-** আইনের বিধানাবলী ও আরোপিত শর্তাবলী পূরণ সাপেক্ষে প্রত্যেক বেসরকারী মেডিকেল কলেজ ২০ আসন বিশিষ্ট ডেন্টাল ইউনিট স্থাপন করিতে পারিবে। আইনের ১৪(৫) ধারা অনুযায়ী ২০ আসন বিশিষ্ট ডেন্টাল ইউনিট স্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাদি প্রযোজ্য হইবে:

(অ) অবকাঠামো:	একাডেমিক ও ক্লিনিকাল কার্যক্রম চালানের জন্য ডেন্টাল ইউনিটের ন্যূনতম ৬০,০০০ বর্গফুট আলাদা জায়গা থাকিতে হইবে, যেইখানে আউটডোর এবং ইনডোর ডেন্টাল চিকিৎসার সকল সুবিধা থাকিতে হইবে।
(আ) টিচিং স্টাফ:	২০ আসন বিশিষ্ট ডেন্টাল ইউনিটের জন্য ডেন্টাল কলেজের ন্যায় বিএমডিসির নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও প্রভাষক নিয়োগের ব্যবস্থা থাকিতে হইবে ।
(ই) স্থায়ী আমানত:	ডেন্টাল ইউনিট খোলার অনুমতি গ্রহণের জন্য প্রাথমিকভাবে ২০ জন শিক্ষার্থীর জন্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা স্থায়ী জামানত রাখিতে হইবে। অতিরিক্ত প্রতি আসনে শিক্ষার্থী ভর্তির জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জমা দিতে হইবে।
(ঈ) আসন সংখ্যা:	সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা ডেন্টাল ইউনিটের জন্য সর্বোচ্চ আসনসীমা নির্ধারণ করিবে।
(উ) বিদেশী শিক্ষার্থী:	ডেন্টাল ইউনিটে কোন বিদেশী শিক্ষার্থী ভর্তি করার সুযোগ থাকিবে না।
(ঋ) বিভিন্ন কমিটি:	ডেন্টাল কলেজের ন্যায় ডেন্টাল ইউনিট পরিচালনার জন্য পৃথক ব্যবস্থাপনা কমিটি, একাডেমিক কমিটি, ফাইন্যান্স কমিটি এবং একাডেমিক কাউন্সিল গঠন করিতে হইবে।

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

(খ) **আবেদন দাখিল।**- বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ এর ন্যায় এই আইনের প্রযোজ্য বিধানাবলী ও ১৪(৭) এর শর্তাবলী পূরণ সাপেক্ষে বেসরকারি মেডিকেল কলেজে ২০ আসন বিশিষ্ট ডেন্টাল ইউনিট স্থাপন, একাডেমিক অনুমোদন, একাডেমিক অনুমোদন নবায়ন ও আসন সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব বরাবর আবেদন দাখিল করিতে পারিবে:

(গ) উপবিধি (১) এর অধীন আবেদনের সহিত নিম্নবর্ণিত ফরম ও কাগজপত্র দাখিল করিতে হইবে;

(অ) **তফসিল-১ এ উল্লিখিত আবেদন ফরম-৯, ১০, ১১ ও ১২ এবং উক্ত ফরমের সহিত** সংযুক্ত চেকলিস্ট অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র/প্রমাণকসমূহ; এবং

(আ) ডেন্টাল ইউনিট স্থাপনের আবেদনের প্রেক্ষিতে পরিদর্শন ফি বাবদ (পরিদর্শন টিমের সম্মানী ও যাতায়াত খরচ বাবদ) পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর প্রদানকৃত অফেরৎযোগ্য ০১(এক) লক্ষ টাকার পে-অর্ডারের কপি।

(ঘ) প্রস্তাবিত ডেন্টাল ইউনিট স্থাপনের জন্য উপবিধি ১ এর অধীন স্বয়ংসম্পূর্ণ আবেদন প্রাপ্তির পর উহার যৌক্তিকতা যাচাইয়ের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বিধি ৭ এ বর্ণিত পরিদর্শন কমিটির নিকট প্রেরণ করিবে।

(ঙ) **ডেন্টাল ইউনিট স্থাপনের আবেদনের পরিপ্রেক্ষিতে পরিদর্শন।**–

(অ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ থেকে ত্রুটিমুক্ত ও স্বয়ংসম্পূর্ণ আবেদন প্রাপ্তির পর আবেদন প্রাপ্তির তারিখ থেকে পরবর্তী ১০(দশ) কার্যদিবসের মধ্যে পরিদর্শন কমিটি পরিদর্শন সম্পন্ন করিবে;

(আ) যদি কোন কারণে উপবিধি (৪) এর দফা (ক) এ বর্ণিত সময়ের মধ্যে পরিদর্শন সম্পন্ন করা সম্ভব না হয়, তবে যথাযথ কারণ উল্লেখ করে সর্বোচ্চ ৭ (সাত) কার্যদিবস পর্যন্ত মেয়াদ বৃদ্ধির জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে আবেদন করিতে পারিবে;

(ই) এই বিধিমালার তফসিল-২ এ উল্লিখিত পরিদর্শন ছক-৯ অনুযায়ী মেডিকেল কলেজ সরেজমিনে পরিদর্শন করার পর কমিটির সুস্পষ্ট মন্তব্য/সুপারিশসহ প্রণয়নকৃত পরিদর্শন প্রতিবেদন সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বরাবর প্রেরণ করিবে

(চ) **নির্বাহী কমিটির সভা।**–

(অ) বিধি ৭এর ৩(গ)এর আলোকে পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কার্যপত্র প্রণয়নপূর্বক নির্বাহী কমিটির সভা আয়োজন করিবে;

(আ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কার্যপত্র প্রণয়ন এর ক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদনকারীর নিকট হইতে প্রয়োজনীয় আরও তথ্য চাহিতে পারিবে;

(ই) নির্বাহী কমিটির সভা আয়োজনের ৭ কার্যদিবস পূর্বে কার্যপত্রসহ সভার নোটিশ জারী করিতে হইবে।

(ছ) নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত।–

(অ) নির্বাহী কমিটির সভায় সংশ্লিষ্ট আবেদন ও পরিদর্শন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা এবং আলোচনার মাধ্যমে কমিটি যদি এই মর্মে নিশ্চিত হয় যে, বিধি (৮) এ বর্ণিত সকল শর্ত পূরণ করিয়াছেন, তাহা হইলে কমিটি বেসরকারি মেডিকেল কলেজ এ ডেন্টাল ইউনিট স্থাপনের অনুমোদন প্রদান করিবে; অথবা

(আ) কমিটি যদি এই মর্মে নিশ্চিত হয় যে, বিধি (৮) এ বর্ণিত কোন শর্ত পূরণে ব্যর্থ হইয়াছে, তাহা হইলে আবেদন নামঞ্জুর করিতে পারিবে।

(জ) **নির্বাহী কমিটির সভায় সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কার্যধারা।**–

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

(অ) নির্বাহী কমিটির সভায় একাডেমিক অনুমোদন নবায়ন প্রদানের সিদ্ধান্ত হইলে নির্বাহী কমিটি সভার কার্যবিবরণী জারীর তারিখ থেকে ৭(সাত) কার্যদিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ মেডিকেল কলেজের জন্য তফসিল-১ এ উল্লিখিত অনুমোদন ফরম-৭ অনুযায়ী এবং ডেন্টাল কলেজের জন্য অনুমোদন ফরম-৮ অনুযায়ী আবেদনকারীর অনুকূলে অনুমোদনপত্র প্রদান করিবে;

(আ) নির্বাহী কমিটির সভায় আবেদন নামঞ্জুর-এর সিদ্ধান্ত হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ নির্বাহী সভার কার্যবিবরণী জারীর পর অনতিবিলম্বে নামঞ্জুর-এর সিদ্ধান্ত আবেদনরীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে;

(ই) উক্ত সিদ্ধান্তের বিষয়ে আবেদনকারী ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিলে তাহা পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে আবেদন করিতে পারিবে;

(ঈ) আবেদনকারী দফা (গ) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তাহা হইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব অথবা উপযুক্ত কর্তৃপক্ষ ব্যক্তিগত শুনানী গ্রহণ, লিপিবদ্ধ এবং বিশ্লেষণ করিবেন;

(উ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিনিয়র সচিব/সচিব বা উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দফা (ঘ) এ বর্ণিত আবেদনকারীরর পেশকৃত বক্তব্য ও মতামত নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করিবেন। নির্বাহী কমিটি সভায় উপস্থাপিত মতামত বিবেচনা ও আলোচনার মাধ্যমে সভায় সিদ্ধান্ত গৃহীত হইবে।

(ঋ) নির্বাহী কমিটির সিদ্ধান্ত আবেদনকারিকে জানাইতে হইবে।

১৫। শিক্ষা কার্যক্রম পরিচালনা।--(১) প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের শিক্ষা কার্যক্রম পরিচালনার বিষয়ে 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ১৫ এর বিধানাবলি অনুসরণ করিতে হইবে।

(২) প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজে প্রশিক্ষণের নিমিত্ত ক্লিনিক্যাল স্কিল ল্যাব থাকিতে হইবে। আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত ব্যবহারিক প্রশিক্ষণের জন্য স্থাপিত স্কিল ল্যাবে তত্ত্বীয় শিক্ষার পাশাপাশি বেসিক সাবজেক্টে প্রশিক্ষণের জন্য স্কেলিটন, মডেল, প্রায়োগিক সফটওয়ার ইত্যাদি থাকিবে এবং ক্লিনিকাল স্কিল অর্জনের জন্য প্রয়োজনীয় সংখ্যক মেনিকিন (Manikin), মডেল, ক্লিনিকাল প্রসিডিউরের জন্য সংশ্লিষ্ট যন্ত্রপাতি ইত্যাদি থাকিবে। স্কিল ল্যাবে পর্যাপ্ত সংখ্যক আসবাবপত্র, কম্পিউটার সামগ্রী, আইটি ডিভাইস, ইন্টারনেট কানেকশন থাকিতে হইবে। কলেজ কর্তৃপক্ষ স্কিল ল্যাব পরিচালনার জন্য বেসিক, প্যারা ক্লিনিকাল ও ক্লিনিকাল বিষয় ভিত্তিক অন্যূন সহযোগী অধ্যাপক পদমর্যাদার শিক্ষকদের এতদসংক্রান্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানসহ দায়িত্ব পালনের জন্য ন্যস্ত করিবে। এছাড়া, স্কিল ল্যাবে কারিগরি বিষয়ে সহায়তার জন্য প্রয়োজনীয় সংখ্যক প্রকৌশলী নিয়োগ করিতে হইবে।

১৬। বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজে শিক্ষার্থী ভর্তি, পরীক্ষা পরিচালনা, গবেষণা ইত্যাদি।—(১) প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের শিক্ষার্থী ভর্তি, পরীক্ষা পরিচালনা, গবেষণা ইত্যাদি বিষয়ে 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ১৬ এর বিধানাবলি অনুসরণ করিতে হইবে; এবং

(২) প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজকে উহার বাৎসরিক বাজেটের শতকরা ১৫% (১০%) গবেষণার নিমিত্ত বরাদ্দ ও ব্যয় করিতে হইবে।

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

১৭। বেসরকারী মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের সাংগঠনিক কাঠামো ও জনবল ইত্যাদি।--(১) 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা ১৭ অনুযায়ী প্রত্যেক বেসরকারি মেডিকেল বা ডেন্টাল কলেজ, সরকারের অনুমোদনক্রমে উহার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য বেতন কাঠামো ও চাকরি সংক্রান্ত উপ-আইন প্রণয়ন করিতে পারবে।

১৮। পরিচালনা পর্ষদ।--(১) অনুমোদিত বেসরকারী মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ একাডেমিক অনুমোদন বা চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির বা আইনের ৩৭ ধারা অনুযায়ী পুনঃঅনুমোদন প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে পরিচালনা পর্ষদ থাকিবে, যাহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা-

(ক) উদ্যোক্তাদের মধ্য হইতে মনোনীত বা নির্বাচিত প্রতিনিধি, যিনি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হইবেন;

(খ) উদ্যোক্তাদের মধ্য হইতে ৩ (তিন) জন মনোনীত বা নির্বাচিত প্রতিনিধি, যাহারা পরিচালনা পর্ষদের সদস্য হইবেন:

(গ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা বিভাগের মনোনীত ১(এক) জন, যে পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত উহার মনোনীত ১(এক) জন এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মনোনীত ১(এক) জন প্রতিনিধি।

(২) **উপবিধি (১) এর দফা (ক) এর অধীন প্রতিনিধি নির্বাচিত হইবার ক্ষেত্রে-**

(ক) সংশ্লিষ্ট বেসরকারী মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতার সংখ্যা অনধিক ১(এক) জন হইলে, তিনি স্বয়ংক্রিয়ভাবে চেয়ারম্যান নির্বাচিত হইবেন;

(খ) সংশ্লিষ্ট বেসরকারী মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতার সংখ্যা ১(এক) জনের অধিক হইলে উক্ত প্রতিনিধি তাহাদের মধ্য হইতে মনোনীত বা নির্বাচিত হইবেন;

(গ) সংস্থা বা ট্রাস্ট কতৃর্ক পরিচালিত কলেজের চেয়ারম্যান নিয়োগের ক্ষেত্রে সংস্থা বা ট্রাস্টের সুপারিশ গ্রহণ করা বাধ্যতামূলক।

(৩) **উপবিধি (১) এর দফা (খ) এর অধীন সদস্য নির্বাচিত হইবার ক্ষেত্রে-**

(ক) সংশ্লিষ্ট বেসরকারী মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতার সংখ্যা ৩(তিন) জনের অধিক হইলে উক্ত প্রতিনিধি তাহাদের মধ্য হইতে মনোনীত বা নির্বাচিত হইবেন;

(খ) সংশ্লিষ্ট বেসরকারী মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতার সংখ্যা অনধিক ৩(তিন) জন হইলে, তাহারা স্বয়ংক্রিয়ভাবে সদস্য নির্বাচিত হইবেন;

(গ) সংশ্লিষ্ট বেসরকারী মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতার সংখ্যা ৩(তিন) জনের কম হইলে, আইনের ধারা ১৮ এর উপধারা (১) অনুযায়ী সংশ্লিষ্ট বেসরকারী মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ যে পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সেই পাবলিক বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান অনুসারে ৫০(পঞ্চাশ) শতাংশ সদস্য মনোনীত বা নির্বাচিত হইবেন।

(৪) পরিচালনা পর্ষদের মেয়াদকাল হইবে পরিচালনা পর্ষদ গঠনের আদেশ বা প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ৩ (তিন) বৎসর।

(৫) একাধিক উদ্যোক্তাদের ক্ষেত্রে কোনো উদ্যোক্তা পর পর দুইবারের অধিক পরিচালনা পর্ষদের চেয়ারম্যান পদে অধিষ্ঠিত হইতে পারিবেন না।

একাধিক উদ্যোক্তাদের ক্ষেত্রে উদ্যোক্তাগণ কোনো উদ্যোক্তা পর পর দুইবারের অধিক পরিচালনা পর্ষদের চেয়ারম্যান পদে অধিষ্ঠিত করিতে পারিবেন ।

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

৬০২

(৬) চেয়ারম্যানের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে চেয়ারম্যান তাঁহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা চেয়ারম্যান পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত পূর্ণকালীন সদস্যদের মধ্য হইতে জ্যেষ্ঠ সদস্য চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন।

(৭) পরিচালনা পর্ষদের কোন সদস্য মাহামান্য আদালত কতৃর্ক দণ্ডপ্রাপ্ত হইলে অথবা তাহার বিরুদ্ধে নৈতিকতা বিরোধী কোন অপরাধ হইলে অথবা লিখিত আবেদন ব্যতিত পর পর ৩ (তিন)টি সভায় যোগাদান করিতে ব্যর্থ হইলে তাহার সদস্য পদ বাতিল বলিয়া গণ্য হইবে।

(৮) সুনির্দিষ্ট অনিয়ম ও দুর্নীতি পরিলক্ষিত হইলে সরকার তদন্ত সাপেক্ষে যে কোনো সময় পরিচালনা পর্ষদ বিলুপ্ত করিতে পারিবে।

(৯) পরিচালনা পর্ষদের ক্ষমতা ও কার্যাবলি ।–

(ক) পরিচালনা পর্ষদ সংশ্লিষ্ট মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ এর নির্বাহী কতৃর্পক্ষ হিসাবে কাজ করিবে, কলেজের যাবতীয় কর্মকাণ্ড তদারকি করিবে;

(খ) বার্ষিক বাজেট অনুমোদন করিবে ও সাধারণ তহবিলের হিসাব যথাযথভাবে সংরক্ষণ ও নিরীক্ষণ করিবার ব্যবস্থা গ্রহণ করিবে;

(গ) পরিচালনা পর্ষদ শিক্ষক, চিকিৎসকসহ কর্মকর্তা-কর্মচারী নিয়োগ ও পদোন্নতির জন্য একটি সিলেকশন কমিটি গঠন করিবে, যাহাতে পরিচালনা পর্ষদের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মনোনীত সদস্য থাকিবেন;

(ঘ) শিক্ষার মান নিশ্চিত করিবে, নিয়ম-শৃঙ্খলা বজায় রাখিবে এবং সরকারের আইন, বিধিবিধান ও নীতিমালা অনুযায়ী সকল ক্ষমতা প্রয়োগ করিবে এবং দেশের প্রচলিত আইন কাঠামোর আওতায় প্রতিষ্ঠানের উন্নতির জন্য কল্যাণকর যে কোন সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে; এবং

(ঙ) পরিচালনা পর্ষদ উহার ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদনের ক্ষেত্রে সরকারের নির্দেশাবলী দ্বারা পরিচালিত হইবে।

(৯) পরিচালনা পর্ষদের সভা।–

(ক) পরিচালনা পর্ষদের সদস্য-সচিব, চেয়ারম্যানের পরামর্শ মোতাবেক, সভার সময়, স্থান, আলোচ্যসূচি ও কার্যপদ্ধতি নির্ধারণ করিবেন;

(খ) পরিচালনা পর্ষদের সভার কোরামের জন্য উহার মোট সদস্য-সংখ্যার অন্যূন এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না;

(গ) পরিচালনা পর্ষদের সভায় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোটাধিকার থাকিবে এবং সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারীর দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের অধিকার থাকিবে;

(ঘ) পরিচালনা পর্ষদের সদস্য-সচিব সভার কার্যবিবরণী সংরক্ষণ ও সদস্যবৃন্দের নিকট প্রেরণ করিবেন এবং পরবর্তী সভায় উপস্থাপন করিবেন;

(ঙ) শুধু কোনো সদস্য পদে শূন্যতা বা পরিচালনা পর্ষদ গঠনে ত্রুটি থাকিবার কারণে পর্ষদের কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না; এবং

(চ) প্রতি তিন মাসে পরিচালনা পর্ষদের ন্যূনতম একটি সভা অনুষ্ঠিত হইবে।

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

১৯। **অন্যান্য কমিটি।**—(১) বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, এবং কলেজ পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের জন্য নিম্নরূপ কমিটিসমূহ থাকিবে, যথা: -

(ক) **ব্যবস্থাপনা কমিটি।**—(১) নিম্নবর্ণিত সদস্যের সমন্বয়ে ব্যবস্থাপনা কমিটি গঠিত হইবে, যথা-

(১) সংশ্লিষ্ট কলেজ ও হাসপাতালের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান, যিনি ব্যবস্থাপনা কমিটির সভাপতি হইবেন;

(২) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের মনোনীত ১(এক) জন উপযুক্ত প্রতিনিধি সদস্য হইবেন;

(৩) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মনোনীত ১(এক) জন শিক্ষক প্রতিনিধি প্রতিনিধি সদস্য হইবেন;

(৪) সংশ্লিষ্ট বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজে অধ্যায়নরত শিক্ষার্থীদের অভিভাবকগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে মনোনীত বা নির্বাচিত ২(দুই) জন অভিভাবক প্রতিনিধি সদস্য হইবেন;

(৫) সংশ্লিষ্ট কলেজ ও হাসপাতালের পরিচালক (প্রশাসন) সদস্য হইবেন;

সংশ্লিষ্ট হাসপাতালের পরিচালক সদস্য হইবেন;

(৬) সংশ্লিষ্ট কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ, যিনি ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব হইবেন;

সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, যিনি ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব হইবেন;

(২) ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যপরিধি।--

(১) সংশ্লিষ্ট বেসরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালের শিক্ষক ও কর্মচারী নিয়োগ;

সংশ্লিষ্ট বেসরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ;

(২) শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি নির্ধারণ;

(৩) শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ;

(৪) সংশ্লিষ্ট বেসরকারি মেডিকেল কলেজ ও হাসপাতাল বা ডেন্টাল কলেজ ও হাসপাতালের অবকাঠামো, শিক্ষার মান ও শিক্ষার পরিবেশ উন্নয়ন ও রক্ষাবেক্ষণের স্বার্থে প্রয়োজনীয় অন্যান্য কার্য-সম্পাদন

(৫) প্রতি ২ (দই) মাসে ব্যবস্থাপনা কমিটির ন্যূনতম ১(এক)টি সভা অনুষ্ঠিত হইবে;

প্রতি ৬ (ছয়) মাসে ব্যবস্থাপনা কমিটির ন্যূনতম ১(এক)টি সভা অনুষ্ঠিত হইবে;

(৬) নির্বাচিত বা মনোনীত সদস্যগণ সভাপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন;

(৭) উপবিধি ১ এর অধীন গঠিত কমিটির কোন পদ শূন্য হইলে পদটি শূন্য হইবার ১৫ (পনের) দিনের মধ্যে এই বিধির অন্যান্য বিধানাবলি অনুসরণক্রমে উক্ত শূন্য পদ পূরণ করিতে হইবে এবং যিনি উক্ত পদে নির্বাচিত বা মনোনীত হইবেন তিনি ব্যবস্থাপনা কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য স্বীয় পদে বহাল থাকিবেন।

(৮) ব্যবস্থাপনা কমিটি পরিচালনা পর্ষদের নিকট দায়ী থাকিবে;

(৯) অভিভাবক প্রতিনিধি সদস্য তাঁর মনোনয়নের তারিখ থেকে ২(দুই) বৎসর মেয়াদে সদস্য পদে বহাল থাকিবে।

(খ) অর্থ ব্যবস্থাপনা কমিটি।—(১) নিম্নবর্ণিত সদস্যের সমন্বয়ে অর্থ ব্যবস্থাপনা কমিটি গঠিত হইবে, যথা-

(১) সংশ্লিষ্ট কলেজ ও হাসপাতালের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনোনীত প্রতিনিধি, যিনি অর্থ ব্যবস্থাপনা কমিটির সভাপতি হইবেন;

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

(২) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১(এক) জন উপযুক্ত প্রতিনিধি সদস্য হইবেন;

(৩) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ১(এক) জন উপযুক্ত প্রতিনিধি সদস্য হইবেন;

(৪) সংশ্লিষ্ট কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ সদস্য হইবেন; এবং

সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ সদস্য হইবেন; এবং

(৫) সংশ্লিষ্ট কলেজ ও হাসপাতালের পরিচালক (অর্থ), যিনি অর্থ ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব হইবেন;

(২) অর্থ ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যপরিধি।--

(১) অর্থ ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব ষান্মাসিক ভিত্তিতে খাত অনুযায়ী বাজেট, তহবিল সংগ্রহ ও তহবিল ব্যবস্থাপনার সারসংক্ষেপ সভায় উপস্থাপন করিবেন এবং কমিটির সদস্যদের সম্মতিক্রমে তাহা অনুমোদিত হইবে।

(২) সংশ্লিষ্ট কলেজের সকল আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে যাচাই এবং সংরক্ষণ;

(৩) অর্থ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ০৫ (পাঁচ) কোটি টাকার উর্দ্ধে ব্যয়ের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৪) বিদেশি শিক্ষার্থী হইতে প্রাপ্ত বৈদেশিক মুদ্রা ব্যাংকিং চ্যানেলে যথাযথ প্রক্রিয়ায় সংগৃহিত হইবার বিষয়টি তদারকিকরণ;

(৫) প্রত্যেক অর্থ বছর শেষে পরবর্তী অর্থ বছরের প্রথম ৩(তিন) মাসের মধ্যে পূর্ববর্তী অর্থ বছরের আয়-ব্যয় ও অন্যান্য হিসাব বিবরণী ইনস্টিটিউট অব চার্টারড একাউন্টস অব বাংলাদেশ (ICAB) কর্তৃক নিবন্ধিত অডিট ফার্ম কতৃর্ক নিরীক্ষিত হইতে হইবে।

(৬) প্রতি মাসে অর্থ ব্যবস্থাপনা কমিটির ন্যূনতম ১(এক)টি সভা অনুষ্ঠিত হইবে;

প্রতি ৬ মাসে অর্থ ব্যবস্থাপনা কমিটির ন্যূনতম ১(এক)টি সভা অনুষ্ঠিত হইবে;

(৭) অর্থ ব্যবস্থাপনা কমিটি পরিচালনা পর্ষদের নিকট দায়ী থাকিবে;

(গ) একাডেমিক কমিটি।--(১) নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একাডেমিক কমিটি গঠিত হইবে, যথা-

(১) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, যিনি একাডেমিক কমিটির সভাপতি হইবেন;

(২) ফেইজ ১ এর কো অর্ডিনেটর যিনি অন্যূন সহকারী অধ্যাপক পদমর্যাদার শিক্ষক সদস্য হইবেন;

(৩) ফেইজ ২ এর কো অর্ডিনেটর যিনি অন্যূন সহকারী অধ্যাপক পদমর্যাদার শিক্ষক সদস্য হইবেন;

(৪) ফেইজ ৩ এর কো অর্ডিনেটর যিনি অন্যূন সহকারী অধ্যাপক পদমর্যাদার শিক্ষক সদস্য হইবেন;

(৫) ফেইজ ৪ এর কো অর্ডিনেটর যিনি অন্যূন সহকারী অধ্যাপক পদমর্যাদার শিক্ষক সদস্য হইবেন;

(৬) সংশ্লিষ্ট কলেজের অন্যূন সহযোগী অধ্যাপক পদমর্যাদার শিক্ষক সদস্য হইবেন;

(২) একাডেমিক কমিটির দায়িত্ব ও কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা-

(১) একাডেমিক কমিটি প্রতিমাসে সভা আয়োজন করিবে;

(২) পাঠ্য বই, হালনাগাদ তথ্য সন্নিবেশন, প্রয়োগিক বিষয়াবলী উপস্থাপনার মাধ্যমে অনুমোদিত সিলেবাস ও ক্লাস রুটিন অনুযায়ী পাঠ্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করিবে;

(৩) একাডেমিক ক্যালেন্ডার প্রস্তুত করাসহ তাত্ত্বিক ব্যবহারিক ও ক্লিনিক্যাল পাঠদান নিশ্চিত করিবে;

(৪) বিসিসি কার্যক্রম সম্পন্নের জন্য শিক্ষার্থীদের সহিত দলীয় বা ব্যক্তিগতভাবে যোগাযোগ স্থাপনের নির্দেশনা প্রদান করিবে;

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

(৫) সন্তোষজনক উপস্থিতি পাঠ্যক্রম অনুযায়ী নির্ধারিত লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ফলাফল পর্যবেক্ষণপূর্বক কলেজের একাডেমিক ও প্রশাসনিক বিষয়াবলী বিবেচনায় শিক্ষার্থীদের পেশাগত পরীক্ষায় অংশগ্রহণের সুপারিশ অধ্যক্ষ বরাবর প্রেরণ করিবে;

(৬) পরীক্ষা পরিচালনাসহ পাঠ্যক্রমিক ও সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম পরিচালনার জন্য কলেজ কর্তৃপক্ষকে সহায়তা ও সুপারিশ প্রদান করিবে; এবং

(৭) কলেজের একাডেমিক স্বার্থে অধ্যক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য কার্য সম্পাদনে সহায়তা প্রদান করিবে।

(৮) একাডেমিক কমিটি পরিচালনা পর্ষদের নিকট দায়ী থাকিবে।

(ঘ) শিক্ষার মান নিয়ন্ত্রণ কমিটি।--(১) নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে শিক্ষার মান নিয়ন্ত্রণ কমিটি গঠিত হইবে, যথা-

(১) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, যিনি একাডেমিক কমিটির সভাপতি হইবেন;

(২) সংশ্লিষ্ট সরকারি মেডিকেল বা ডেন্টাল কলেজ যে পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সেই বিশ্ববিধ্যালয়ের ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত প্রতিনিধি সদস্য হইবেন

(৩) নিকটস্থ সরকারি মেডিকেল বা ডেন্টাল কলেজের অধ্যক্ষ/মনোনীত প্রতিনিধি যিনি অন্যূন সহযোগী অধ্যাপক পদমর্যাদার শিক্ষক সদস্য সদস্য হইবেন;

(৪) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ১(এক) জন উপযুক্ত প্রতিনিধি সদস্য হইবেন;

(৫) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মনোনীত অন্যূন সহযোগী অধ্যাপক পদমর্যাদার শিক্ষক, যিনি শিক্ষার মান নিয়ন্ত্রণ কমিটির সদস্য সচিব।

(ঘ) শিক্ষার মান নিয়ন্ত্রণ কমিটির দায়িত্ব ও কার্যপরিধি।-

(১) শিক্ষার মান নিয়ন্ত্রণ কমিটি প্রতি ৩(তিন) মাসে ন্যূনতম ১(এক)টি সভা করিবে।

(২) উল্লিখিত কমিটি formative পরীক্ষার ফলাফল তদারিক করিবে এবং ক্লিনিক্যাল পাঠদান নিশ্চিত করিবে।

(৩) বিশ্ববিদ্যালয় কতৃর্ক গৃহীত পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার সংখ্যা ও পরীক্ষার্থীর পাশের হার বিশ্লেষণ করিয়া শিক্ষার গুনগতমান নিশ্চিত করার লক্ষ্যে কলেজ কতৃর্পক্ষকে প্রয়োজনীয় সহায়তা ও সুপারিশ প্রদান করিবে; এবং

(৪) বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন ও তদকর্তৃক প্রণীত বিধি এবং সরকারের সময়ে সময়ে জারিতকৃত নীতিমালা অনুযায়ী শিক্ষার গুনগতমান নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবে।

(২) বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২ এর ধারা ১৯ এর উপধারা ২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উপবিধি ১ এ বর্ণিত কমিটি ছাড়াও সরকার অফিস আদেশ বা প্রজ্ঞাপন দ্বারা প্রয়োজনীয় আরও কমিটি গঠন করিতে পারিবে।

২০। সংরিক্ষত তহবিল।--(১) 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২ এর ধারা ৬ এর দফা (ঙ) অনুযায়ী সংশ্লিষ্ট বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের নামে সংরক্ষিত তহবিল-এর ব্যাংক হিসাব পরিচালিত হইবে;

(২) সরকারের অনুমোদনক্রমে সংরক্ষিত তহবিলের অর্থ লাভজনক সরকারি খাতে (জাতীয় সঞ্চয় পত্র ক্রয়, এফডিআর, ইত্যাদি) বিনিয়োগ করা যাইবে;

(৩) সংরক্ষিত তহবিলের অর্থ কখনো উত্তোলন করা যাইবে না। সংশ্লিষ্ট তপশিলি ব্যাংকে এই মর্মে নির্দেশনা থাকিবে যে সরকারের অনুমোদন ব্যতিত উল্লেখিত টাকা কখনো উত্তোলন করা যাইবে না। তবে বিনিয়োগকৃত লভ্যাংশ পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে কলেজের দৃশ্যমান উন্নয়নে ব্যবহার করা যাইবে;

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner

(৪) কোনো বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ পরিচালনা করিতে ব্যর্থ হইলে বা সরকার কর্তৃক উহার অনুমোদন বাতিল হইলে সরকার সংরক্ষিত তহবিলের অর্থ বাজেয়াপ্ত করিতে পারিবে বা উক্ত অর্থ হইতে কলেজের দায় পরিশোধ করিতে পারিবে।

২১। সাধারণ তহবিল।--(১) প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের একটি সাধারণ তহবিল থাকিবে যাহাতে আইনের ধারা ২০ অনুযায়ী প্রাপ্ত অর্থ জমা হইবে।

(২) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ এবং পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত একজন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে সাধারণ তহবিল নিকটস্থ তফশিলি ব্যাংকের একাউন্টের মাধ্যমে পরিচালিত হইবে। কলেজের আয় ও ব্যয় নির্বাহের ক্ষেত্রে খাত ভিত্তিক ব্যাংক হিসাব পরিচালনা করিতে হইবে।

(৩) সাধারণ তহবিল হইতে কলেজের বাৎসরিক আবর্তক ব্যয় যথাঃ কলেজ ও হাসপাতাল সংশ্লিষ্ট জনবলের বেতন ভাতা প্রদান, বিদ্যুৎ, গ্যাস, পানির বিল পরিশোধ, পরিষ্কার পরিচ্ছন্নতা ও নিরাপত্তা সেবা, পরিক্ষাগারে যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি ক্রয়, কলেজের অফিস ব্যাবস্থাপনাসহ আনুষঙ্গিক ব্যয়সমূহ ইত্যাদি নির্বাহ করা যাইবে।

(৪) ভৌত অবকাঠামো উন্নয়ন ভারী যন্ত্রপাতি ক্রয়সহ প্রতিষ্ঠানের নিজ নামে সম্পদ ক্রয়ের ক্ষেত্রে সাধারণ তহবিলের জমাকৃত অর্থের শতকরা ৫০(পঞ্চাশ) শতাংশ এর অধিক উত্তোলন করা যাইবে না সেইরূপ ক্ষেত্রে প্রয়োজনে উদ্যোক্তা/উদ্যোক্তাগণ ব্যক্তিগত বিনিয়োগ করিবেন; তবে শর্ত থাকে যে উক্তরূপ উত্তোলন কলেজের বাৎসরিক আবর্তক ব্যয় এর উপর বিরূপ প্রভাব ফেলিবে না।

(৫) পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে সাধারণ তহবিল হইতে কলেজে কর্মরত শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও অধ্যয়নরত শিক্ষার্থীদের আর্থিক পৃষ্ঠপোষকতা করিতে পারিবে।

(৬) সাধারণ তহবিলের হিসাব বিবরণী অর্থ ব্যবস্থাপনা কমিটির সভায় ষান্মাসিক ভিত্তিতে অনুমোদনের নিমিত্ত দাখিল করিতে হইবে এবং যথাসময়ে বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করিতে হইবে।

২২। অস্পষ্টতা দূরীকরণ--এই বিধিমালার কোনো বিধান কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা দেখা দিলে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, আইন ও এই বিধিমালার বিধানাবলির সহিত সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, উক্তরূপ অস্পষ্টতা দূর করিতে পারিবে।

২৩। বিধিমালার কার্যকারিতা--(১) এই বিধিমালা বাংলাদেশে অবস্থিত সকল বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ স্থাপন ও পরিচালনার নিমিত্ত ব্যবহৃত হইবে।

(২) এই বিধিমালা জারি হওয়ার পূর্বে সরকার কর্তৃক একাডেমিক অনুমোদন প্রাপ্ত বেসরকারী মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজের অনুমোদন প্রদানের আদেশ বহাল থাকিবে।

(৩) সরকার জনস্বার্থে এ বিধিমালার প্রয়োজনীয় পরিবর্তন করিতে পারিবে;

(৪) বিধিমালায় উল্লেখ নাই এমন বিষয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মতামত চাইতে পারে; তবে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৫) এই বিধিমালা সম্পর্কিত কোনো বিষয়ের ব্যাখ্যা প্রয়োজন হইলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

Scanned with OKEN Scanner